ফাতওয়া নাম্বার: ৫৫৯ প্রকাশকালঃ০২-০৬-২০২৫ ইং

বন্য পশু শিকার করার বিধান

প্রশ্ন:

যেসব বন্য পশুর গোশত খাওয়া যায় না; যেমন বাঘ, সিংহ, হাতি, শিয়াল ইত্যাদি শিকার করা কি বৈধ?

-আবুল হুসাইন

উত্তর:

بسم الله الرحمن الرحيم

حامدا ومصليا ومسلما

হ্যাঁ, যেসব পশুর গোশত খাওয়া যায়, সেগুলো যেমন শিকার করা হালাল, তেমনি যেগুলোর গোশত খাওয়া যায় না সেগুলোও শিকার করা হালাল। কারণ গোশত খাওয়া না গেলেও চামড়া, পশম ও অন্যান্য অংশ কাজে লাগানো যায়। এমনিভাবে যেসব জানোয়ার উৎপাত করে এবং মানুষের কষ্টের কারণ হয়, উৎপাত থেকে রক্ষা পাওয়ার উদ্দেশ্যে সেগুলোকে মেরে ফেলাও জায়েয। -হিদায়া: ৪/৪১১, আদদুররুল মুখতার: ৬৮১

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৯-১১-১৪৪৬ হি.

২৮-০৫-২০২৫ ঈ.